

জয়িতা ফাউন্ডেশন  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
কনকর্ড রয়্যাল কোর্ট (৬ষ্ঠ তলা), ২৭৫/জি  
রোড নম্বর-২৭ (নতুন), ধানমন্ডি, ঢাকা।



স্মারক নং: জঃ ফাঃ/প্রশিক্ষণ/২৬০/২০২০- ১৩০৪

তারিখ: ১২/০৪/২০২১ খ্রি.

বিষয় : জয়িতা ফাউন্ডেশনের স্থায়ী নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) সংক্রান্ত বিষয়ে ০১ (এক) দিনের প্রশিক্ষণ কর্মশালা।


জয়িতা ফাউন্ডেশনের স্থায়ী নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) সংক্রান্ত বিষয়ে ০১ (এক) দিনের প্রশিক্ষণ কর্মশালা আগামী ১৩/০৪/২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত জয়িতা ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

২। প্রশিক্ষণ কর্মশালায় জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আফরোজা খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ শহীদুল ইসলাম এবং জয়িতা ফাউন্ডেশনের পরিচালক (উপ-সচিব) জনাব নিপুল কান্তি বালা আলোচক হিসেবে দায়িত্ব পালন করবেন। জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আব্দুর রউফ উক্ত প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

৩। প্রশিক্ষণ কর্মশালায় নিম্নোক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের নামের পাশে উল্লিখিত দায়িত্ব পালন করবেন:

১. জনাব আনোয়ারুল আজিম, সহকারী ব্যবস্থাপক, জয়িতা ফাউন্ডেশন - র‍্যাপোর্টিয়ার
২. জনাব রুকনুজ্জামান, সহকারী ব্যবস্থাপক, জয়িতা ফাউন্ডেশন - র‍্যাপোর্টিয়ার
৩. সার্পোর্টিং স্টাফ (০২ জন)

প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী প্রধান অতিথি, সভাপতি, আলোচকগণ, র‍্যাপোর্টিয়ারগণ, দায়িত্বপ্রাপ্ত ও অংশগ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীগণ জয়িতা ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থ বছরের প্রশিক্ষণ/কর্মশালা খাতের বরাদ্দ হতে নির্ধারিত হারে সম্মানী ও খাবার ভাতা প্রাপ্য হবেন।

  
নিপুল কান্তি বালা  
পরিচালক-২ (উপ-সচিব)  
জয়িতা ফাউন্ডেশন।

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রকল্প পরিচালক, জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প।
২. প্রকল্প পরিচালক, জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প।
৩. সহকারী ব্যবস্থাপক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সংযুক্ত জয়িতা ফাউন্ডেশন (সকল)।
৪. সহকারী ব্যবস্থাপক, আইসিটি শাখা জয়িতা ফাউন্ডেশন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. কমন সার্ভিসেস অফিসার (সকল) জয়িতা ফাউন্ডেশন।
৬. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন এর ব্যক্তিগত সহকারী।
৭. অফিস কপি।